



হরমুজের কাছে ইসরায়েলি নজরদারি ড্রোন ধ্বংসের দাবি ইরানের



ছবি: সংগৃহীত

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান কূটনৈতিক টানা পোড়েনের মধ্যেই ইরানের আকাশসীমায় একটি ইসরায়েলি নজরদারি ড্রোন শনাক্ত ও ভূপাতিত করার দাবি করেছে তেহরান।

রোববার (২৪ মে) ইরানের হরমোজগান প্রদেশে ড্রোনটি শনাক্ত করা হয়। পরে দেশটির সেনাবাহিনী সেটিকে গুলি করে নামিয়ে আনে বলে জানিয়েছে স্থানীয় গণমাধ্যম। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির কাছাকাছি হওয়ায় ঘটনাটি নিয়ে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে।

ইরানের আধা-সরকারি সংবাদমাধ্যম মেহের জানিয়েছে, ভূপাতিত ড্রোনটির ধ্বংসাবশেষ উদ্ধার করেছে ইরানি নৌবাহিনী। তাদের দাবি, এটি ইসরায়েলের গোয়েন্দা নজরদারি কার্যক্রমের অংশ ছিল।

এদিকে ইরান ও যুক্তরাষ্ট্রের সম্ভাব্য সমঝোতা নিয়ে আন্তর্জাতিক মহলে আলোচনা চললেও এখনো কোনো চূড়ান্ত অগ্রগতি হয়নি। পাকিস্তানের মধ্যস্থতায় বিভিন্ন প্রস্তাব আদান-প্রদান হলেও দুই পক্ষের মধ্যে মতপার্থক্য রয়ে গেছে।

অন্যদিকে আন্তর্জাতিক সংবাদমাধ্যমে প্রকাশিত একটি প্রতিবেদনে যুদ্ধবিরতি বৃদ্ধি, হরমুজ প্রণালি খুলে দেওয়া এবং নৌ-মাইন অপসারণের মতো কিছু প্রস্তাবের কথা বলা হলেও সেগুলো প্রত্যাখ্যান করেছে ইরান। তেহরানের দাবি, আলোচিত শর্তগুলোতে তারা সম্মতি দেয়নি।